

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

Tel: 9144252-3, Fax: 9144250, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং- ২১.০০.০০০০.৩৬৪.২২.৯৫০.১৭-৪৫

তারিখঃ ১৮/০৪/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ Request for clarification against clause No-96(2) of the Public Procurement Rules-2008.

সূত্রঃ UBC/CPTU/17-0084; Date: 29/03/2018

উপর্যুক্ত বিষয় ও সূত্রাধীন স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, Authorized Representative শব্দটি দ্বারা দরপত্র দাখিলের ক্ষেত্রে Tenderer (দরদাতা) কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিকে নির্দেশ করা হয়েছে যিনি দরদাতা প্রতিষ্ঠানভুক্ত কোন নিয়োজিত ব্যক্তি বিশেষ। উদাহরণ স্বরূপ, আদর্শ দরপত্র দলিল PG4 এর Tender Submission Letter (form PG4-1) এর অনুচ্ছেদ-'n' দেখা যেতে পারে। উপর্যুক্ত ব্যাখ্যামতে একজন ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি (Authorized Representative) এর একাধিক দরপত্রে স্বাক্ষরকারী হিসেবে কার্য পালনের কোন সুযোগ নেই।

০২। পক্ষান্তরে, 'Local Agent' শব্দটি দ্বারা কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে নির্দেশ করে যিনি নির্দিষ্ট Rebate বা Mark-up এর বিনিময়ে পণ্য ক্রয়ের সংগে সংশ্লিষ্ট কোন সেবা প্রদান করেন। উদাহরণ স্বরূপ, আদর্শ দরপত্র দলিল, PG4 এর Section 1 (Instructions to Tenderers) এর Clause 23.13 অংশ দেখা যেতে পারে। উপর্যুক্ত ব্যাখ্যামতে কোন Local Agent কর্তৃক মূল দরদাতার পক্ষে দরপত্রে স্বাক্ষর করার কোন সুযোগ নেই।

০৩। বিবেচ্য পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হ'ল।

প্রোপ্রাইটর
ইউনাইটেড ব্রাদার্স কর্পোরেশন
৫১/এ/৭ (গ্রাউন্ড ফ্লোর), ওয়েস্ট রাজাবাজার
ঢাকা-১২১৫।


(মোসামঃ মৌসুমী হাবিব)
উপ-পরিচালক
ফোনঃ ৯১৪৪২৫২-৩/২০৩

অনুলিপিঃ

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ২) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৩) অফিস কপি।